গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রেলপথ মন্ত্রণালয়**
**বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা**
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি মূল্যায়নের জন্য রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) মহোদয়ের সভাপতিত্বে **১৪-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আহমেদ মোর্শেদ, অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৪.০১.২০২০ খ্রিঃ |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০, নবম তলা), রেলভবন, ঢাকা |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সর্বোচ্চ মাত্রায় বাস্তবায়নের লক্ষ্যে এ সভায় পর্যালোচনা করার অবকাশ আছে। ইতিমধ্যে এই অর্থ বছরের ৬ (ছয়) মাস সময় অতিক্রান্ত হয়েছে। তিনি জানান, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক ১২ মাসের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ৬ মাস সময় অবশিষ্ট রয়েছে। ফলে মন্ত্রণালয়ের কর্মকৌশল অনুযায়ী কার্য সম্পাদন করা আবশ্যক। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী অর্ধবার্ষিক প্রতিবেদন অচিরেই মূল্যায়ন করা হবে। এ প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের এপিএ কার্যক্রম সফল ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রতি মাসে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এপিএ'র কার্যক্রমের মাসিক ভিত্তিতে অগ্রগতি মূল্যায়নের জন্য রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীমের সকল সদস্য, বাংলাদেশ রেলওয়ে এপিএ টীমের সকল সদস্য, রেলপথ মন্ত্রণালয়ের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে এ সভার আয়োজন করা হয়েছে।

০২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ ধাপ মূল্যায়ন। এপিএ'র মূল্যায়ন ত্রৈমাসিক/ষাণ্মাসিক ও বার্ষিক ভিত্তিতে করা হয়ে থাকে। ২০১৯-২০ অর্থবছরের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহের অর্ধবার্ষিক প্রতিবেদন আগামী ৩০ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে অনুসরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নিম্নোক্ত পদ্ধতি উল্লেখ করে তা অনুসরণের অনুরোধ করা হয়েছে:

ক) APAMS সফটওয়্যার ব্যবহার করে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।
খ) প্রতিটি কর্মসম্পাদন সূচকের অগ্রগতির বিপরীতে উপযুক্ত প্রমাণক থাকতে হবে।

গ) সকল প্রমাণকের সফটকপি APAMS সফটওয়্যারের মাধ্যমে আপলোড করে প্রেরণ করতে হবে। কোনো হার্ডকপি প্রেরণের প্রয়োজন নেই।

ঘ) যে সকল প্রমাণকের সফটকপির আকার ২ মেগাবাইটের বেশি অথবা আপলোড করতে সমস্যা সে সকল প্রমাণক ই-মেইলে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

ঙ) সকল ক্ষেত্রে প্রমাণক উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। স্বাক্ষরবিহীন কোনো প্রমাণক মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

চ) যে সকল সূচকের বিপরীতে উপযুক্ত প্রমাণক সরবরাহ করা হবে না সে সকল সূচক অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে।

এছাড়া আরও জানানো হয়, ৩০ জানুয়ারী, ২০২০ তারিখের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় ৩১ জানুয়ারী ২০২০ তারিখের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ'র অর্ধবার্ষিক মূল্যায়ন শেষ করে ফলাবর্তক প্রদান করবে। ফলাবর্তকের একটি কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৩. সভায় জানানো হয়, এ যাবত রেলপথ মন্ত্রণালয় এর এপিএ টীম ২০১৯-২০ অর্থ বছরে নিম্নরূপভাবে কার্যসম্পাদন করেছে:

(ক) প্রত্যেক মাসে এপিএ টীম এর জন্য নির্ধারিত সভা আয়োজন করেছে।

(খ) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য প্রত্যেক কর্মসম্পাদন সূচক (Performance Indicators ) এর বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কমকর্তা নির্ধারণ করেছে।

(গ) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা বাস্তবায়নের জন্য মাসিকভিত্তিক কর্মপরিকল্পনার ছক ও মাসিক ভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জনের ছক প্রণয়ন করে সে মোতাবেক তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে।

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য সচিব মহোদয়ের সভাপতিত্বে এপিএ বিষয়ক, বাজেট ব্যবস্থাপনা কমিটির ও রেলপথ মন্ত্রণালয় এপিএ'র বিশেষজ্ঞ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(ঙ) বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা বাস্তবায়নের জন্য পরিদর্শন অত্যাবশ্যক বিধায় কর্মকর্তাদের পরিদর্শনের জন্য জন্য নিয়োজিত করে আদেশ জারী করা হয়েছে। এ প্রেক্ষিতে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে।

(চ) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা বাস্তবায়নের জন্য মাসিকভিত্তিক কর্মপরিকল্পনার ছক ও মাসিক ভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জনের ছক প্রণয়ন করে সে মোতাবেক তথ্য সরবরাহ নিশ্চিতকরণে রেলপথ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং প্রধানদের ও মহাপরিচালক ,বাংলাদেশ রেলওয়েকে অনুরোধ করা হয়েছে।

(ছ) যথাসময়ে বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

৪. সভায় আরো জানানো হয়, ইতিমধ্যে রেলপথ মন্ত্রণালয়ের ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাদের অবসর, পদোন্নতি ও বদলীজনিত কারণে এপিএ টীমের সদস্যদের অনেকেই আর নেই। এ অবস্থায় টীম সমূহ পুনর্গঠন করা প্রয়োজন।

০৫। সভায় পর্যালোচিত হয় যে, বিগত ছয় মাসে রেলপথ মন্ত্রণালয়ের ও বাংলাদেশ রেলওয়ের এপিএ কার্যক্রম আশানুরূপ নয়। এ পরিস্থিতি অব্যাহত থাকলে মন্ত্রণালয়ের ও বাংলাদেশ রেলওয়ের লক্ষ্যমাত্রা অর্জন কঠিন হতে কঠিনতর হবে। এ প্রেক্ষিতে অবিলম্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অধিকতর মনোযোগী হতে হবে।

০৫। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

০৫.০১ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী রেলপথ মন্ত্রণালয় এপিএ টীম পুনর্গঠন করবে।

০৫.০২ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ রেলওয়ে এপিএ টীম পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

০৫.০৩ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এপিএ টীম, রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ জানুয়ারী, ২০২০ তারিখের মধ্যে সম্পাদনযোগ্য কার্যাবলী সম্পাদন করবেন।

০৫.০৪ রেলপথ মন্ত্রণালয়ের ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের ও বাংলাদেশ রেলওয়ের লক্ষ্যমাত্রা অর্জনে আরোও মনোযোগী হবেন।

০৫.০৫ বাংলাদেশ রেলওয়ে ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র অর্ধবার্ষিক প্রতিবেদন অবিলম্বে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

০৫.০৬ রেলপথ মন্ত্রণালয় ৩০ জানুয়ারী, ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র অর্ধবার্ষিক মূল্যায়ন শেষ করে ফলাবর্তক প্রদান করবে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20.01.2020

(আহ্‌মেদ মোর্শেদ)
দলনেতা, এপিএ টীম
ও
অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়।